

## ■ সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯৪

১. পবিত্রতা (الطهارة)

পরিচ্ছেদঃ ১২. চামড়া প্রক্রিয়াজাত করা

بَابُ الدِّيَاجِ

আরবী

نَأَبُو حَامِدٍ مُحَمَّدٍ بْنُ هَارُونَ بْنِ عَبْدِ اللَّهِ الْحَاضِرِيِّ ، نَا مُحَمَّدٌ بْنُ سَهْلٍ بْنِ عَسْكَرِ حِ : ثَنَأَ أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَأَ إِبْرَاهِيمُ بْنُ هَانِئٍ ، قَالَ : ثَنَأَ عَمْرُو بْنُ الرَّبِيعِ بْنِ طَارِقٍ ، ثَنَأَ يَحْيَى بْنُ أَيُوبَ ، عَنْ يُونُسَ ، وَعَقِيلٌ جَمِيعًا ، عَنِ الزُّهْرِيِّ ، عَنْ عُبَيْدِ اللَّهِ ، عَنْ أَبْنِ عَبَّاسٍ ؛ أَنَّ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - مَرَّ بِشَاءٍ مَيْتَةً ، فَقَالَ : " هَلَا انتَفَعْتُمْ بِإِهَابِهَا " . قَالُوا : يَا رَسُولَ اللَّهِ إِنَّهَا مَيْتَةٌ ، قَالَ : " إِنَّمَا حَرَمَ أَكْلُهَا " ، زَادَ عَقِيلٌ " أَوْلَيْسَ فِي الْمَاءِ وَالدِّيَاجِ مَا يُطَهِّرُهَا " ، وَقَالَ أَبْنُ هَانِئٍ : " أَوْلَيْسَ فِي الْمَاءِ وَالْقَرَظِ مَا يُطَهِّرُهَا "

বাংলা

৯৪(১). আবু হামেদ মুহাম্মাদ ইবনে হারুন আল-হাদরামী (রহঃ) ... ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি ছাগলের লাশের পাশ দিয়ে যাওয়ার সময় বলেনঃ তোমরা এর চামড়া দিয়ে উপকৃত হও না কেন? তারা বলেন, ইয়া রাসূলাল্লাহ! এটা তো মৃত। তিনি বলেনঃ মৃত জীবের মাংস খাওয়া হারাম করা হয়েছে। আকীল (রহঃ) এর বর্ণনায় আরো আছে, তিনি বলেনঃ পানি ও প্রক্রিয়াজাত করার মধ্যে কি এমন জিনিস নেই যা চামড়াকে পবিত্র করে? ইবনে হানীর বর্ণনায় আছে, পানি ও চামড়া প্রক্রিয়াজাত করার ঔষধির মধ্যে কি এমন জিনিস নেই যা চামড়াকে পরিচ্ছন্ন করে?

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=79883>

 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন